

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়  
সচিবালয় ভবন, ৩য় ফেজ  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

স্মারক নং-সিজিএ/পদ্ধতি-১/১৭২/খন্ড-৩/ভ্রমন/৯৫৭ তারিখ: ৯/১০/২০১২ খ্রি:

সচিব  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।  
(দৃষ্টি আকর্ষণ: যুগ্ম সচিব, প্রবিধি অনুবিভাগ)

**বিষয়: ব্যয় বহুল স্থান অর্থাৎ ঢাকা, নারায়নগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, গাজীপুর এবং সিলেট শহরের জন্য দৈনিক ভাতার হার প্রসঙ্গে।**

০১। উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন নম্বর ০৭.০০.০০০০.১৭৩.৩৪.০১১.১১-২০০ তারিখ: ০২/১০/২০১১ (কপি সংযুক্ত) তে উল্লেখ রয়েছে যে, ব্যয়বহুল স্থানের অর্থাৎ ঢাকা, নারায়নগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, গাজীপুর এবং সিলেট শহরের জন্য সাধারণ হারে অতিরিক্ত ৩০% দৈনিক ভাতা প্রাপ্য।

০৩। অন্য দিকে Fundamental Rules and Supplementary Rules এর SR56(No. 1-2) এর মর্মানুসারে ব্যয়বহুল শহরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ কর্মরত শহরে ভ্রমনের ক্ষেত্রে বর্ধিত হারের দৈনিক ভাতা প্রাপ্য নয় (কপি সংযুক্ত)। ফলে এ বিষয়ে বৈপরীত্য দেখা যাচ্ছে।

০৪। উপরোক্ত বিষয়টি পর্যালোচনান্তে এ কার্যালয় মনে করে যে, ব্যয়বহুল স্থানের অর্থাৎ ঢাকা, নারায়নগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, গাজীপুর এবং সিলেট শহরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ কর্মরত শহরে ভ্রমনের ক্ষেত্রে ও অর্থ মন্ত্রণালয়ের উপরে বর্ধিত ০২/১০/২০১১ তারিখের প্রজ্ঞাপন অনুসারে বর্ধিত হারে দৈনিক ভাতা প্রাপ্য।

০৫। এমতাবস্থায়, বর্ধিত বিষয়ে এই অফিসের মতামত সঠিক কিনা সে বিষয়ে সদয় সিদ্ধান্ত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(জীবন কৃষ্ণ চৌধুরী)  
অতি:হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)